দৈনিক ইনকিলাব

JUN 01 2002

তারিখ ...... পৃষ্ঠা ৪ কলাম ৪

# নতুন ডিগ্রী কোর্সের জন্য একটি প্রস্তাব

চলতি শিক্ষাবর্ষ (২০০১-২০০২) থেকে জাতীয় বিশ্ববিদ্যালয় স্নাতক পাস কোর্সের মেয়াদ তিন বছর করেছে। কোর্সের মেয়াদ অনুযায়ী তার সিলেবাসও ব্যাপক হবে। তিন বছর মেয়াদী কোর্সে ইংরেজী বিষয়টিকে তিনটি পত্রে বিভক্ত করে প্রতিটি পত্রের জন্য মানসম্পন্ন সিলেবাস প্রণয়ন করলে আমাদের দেশে ইংরেজী শিক্ষার পথ কিছুটা হলেও সুগম হবে। তাছাড়া সিলেবাসে স্পোকেন ইংরেজী অন্তর্ভুক্ত করলে আরও ভালো হয়। কারণ আমাদের দেশের ছাত্র-ছাত্রীরা মাস্টার্স ডিগ্রী পাস করার পরও ইংরেজীতে নিজেকে ব্যক্ত করতে পারে না। আজ ইংরেজীতে দক্ষ লোকের বড় অভাব। ইংরেজীতে দক্ষ করে তোলার জন্য প্রাতিষ্ঠানিক শিক্ষার বিকল্প নেই। সকল ছাত্র-ছাত্রী যাতে মোটামুটি ইংরেজী বলতে পারে তার ব্যবস্থা করতে হবে। তবে আশার কথা, সরকার ইতিমধ্যে ইংরেজী শিক্ষার ওপর জোর দিয়েছেন। আন্তর্জাতিক ক্ষেত্রে আমাদের ভাবমূর্তি উজ্জ্বল করতে ইংরেজী জানা খুবই দরকার। ইংরেজী জ্ঞানের দৈন্য দূর করার জন্য বাস্তবভিত্তিক একটি সিলেবাস প্রণয়ন করতে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের দৃষ্টি অকর্ষণ করছি।

মোঃ মোয়াজ্জেম হোসেন,
ক/২১৮ খিলক্ষেত নামাপাড়া,
ঢাকা ১২২৯